# বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

ফোন : ৮৮০-২-৯৬৭৫০০২, ৯৬১২৯৯৭
ফ্যাক্স : ৮৮০-২-৮৬১৩৪২০
Web : www.bncu.gov

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫

**৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক সিরিজ সভা/কর্মশালার অংশ হিসেবে "বিশ্বনাগরিকত্ব শিক্ষা বিকাশের মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ইউনেস্কো অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়সমূহের প্রসার" শীর্ষক কর্মশালা সংক্রান্ত প্রতিবেদন**

**তারিখঃ ৩১ আগস্ট ২০২১ খ্রি.**

বার্ষীক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম ১.৬ (৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ৪ টি অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন) এর অংশ হিসেবে "বিশ্বনাগরিকত্ব শিক্ষা বিকাশের মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ইউনেস্কো অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়সমূহের প্রসার" বিষয়ক ১ম কর্মশালা ৩১ আগস্ট ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হাসানুল ইসলাম এনডিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান। এ ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনেস্কো ঢাকা অফিসের শিক্ষা বিষয়ক প্রধান মিজ. হুহুয়া ফ্যান।

ডিজিটাল বিপ্লবকে চতুর্থ শিল্প বিপ্লব হিসেবে প্রথম সংজ্ঞায়িত করেন ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের চেয়ারম্যান ক্লাউস সোয়াব তার লেখা 'দ্য ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভুলেশন' গ্রন্থে। ২০১৬ সালের জানুয়ারিতে প্রকাশিত এ গ্রন্থে তিনি চতুর্থ শিল্প বিপ্লব নিয়ে বিস্তারিত আলোচনা করেন। পরবর্তী সময়ে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম এ ধারণার ব্যাপক প্রচার ও প্রতিষ্ঠিত করার উদ্যোগ নেয়। তারও আগে ২০১১ সালে একদল জার্মান বিজ্ঞানী শিল্প-কলকারখানাগুলোয় কীভাবে অটোমেশন বা স্বয়ংক্রিয় ব্যবস্থা চালু করা যায় বা ডিজিটাল কৌশল প্রয়োগ করা যায়, তা নিয়ে গবেষণা শুরু করেন। যেখানে কম জনবল দিয়ে অত্যন্ত দ্রুতগতিতে পণ্য উৎপাদন সহজ হবে। সেখান থেকেই মূলত চতুর্থ শিল্প বিপ্লব ধারণাটির উদ্ভব। দক্ষতা উন্নয়নের এই বিষয়টির সঙ্গেই মূলত "বিশ্বনাগরিকত্ব শিক্ষা" এর সম্পর্ক। প্রযুক্তি এবং বিশ্ব নাগরিকত্ব ওতপ্রোতভাবে জড়িত।

অনুষ্ঠানের বিশেষ অতিথি জনাব মোঃ হাসানুল ইসলাম এনডিসি, Global Citizenship Education (GCED) এবং ৪র্থ শিল্প বিপ্লব এর নিবিড় সম্পর্কের বিষয়টি তাঁর বক্তব্যের মাধ্যমে সুস্পষ্টভাবে তুলে ধরেন। তিনি বলেন, " শিক্ষার্থীদের অবশ্যই কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) সম্পর্কে জানতে হবে"। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বিষয়েও তিনি পুনরোল্লেখ করেন। তিনি বলেন "৪র্থ শিল্পবিপ্লবের উপযোগী শিক্ষা হবে এমন যেটি সমাজ ব্যবস্থাকে 'knowledge based' থেকে 'Innovative' সমাজ ব্যবস্থায় রূপান্তরিত করবে"। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত রাষ্ট্রে পরিনত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।



জনাব মোঃ হাসানুল ইসলাম এনডিসি,
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

প্রধান অতিথি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর আলোচনায় প্রযুক্তির উন্নয়ন কীভাবে এই ৪র্থ শিল্প বিপ্লবের আবির্ভাব ঘটালো সে বিষয়ে উল্লেখ করেন। শিক্ষার্থীদের জন্য ক্রমবর্ধমান এই চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্বনাগরিক হিসেবে গড়ে ওঠার কোন বিকল্প নেই বলে তিনি মন্তব্য করেন। শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এবং ইউনেস্কো ঢাকা অফিস এবং ইউনেস্কো ক্লাব বাংলাদেশ কে এই অবহিতকরণ কর্মশালা আয়োজনের জন্য তিনি সাধুবাদ জানান। তিনি বলেন,

ফোন : ৮৮০-২-৯৬৭৫০০২, ৯৬১২৯৯৭
ফ্যাক্স : ৮৮০-২-৮৬১০৪২০
Web : www.bncu.gov

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫


"শিক্ষার্থীদের অবারিত সম্ভাবনাকে কাজে লাগাতে হবে। ইউনেস্কোর মূলমন্ত্র 'Building peace in the minds of men and women' এই ধারণা টি ৪র্থ শিল্প বিল্পবের ধারনার সাথে একীভূত করে নিতে হবে। তবেই প্রযুক্তি এবং মানবিকতার এক মেলবন্ধন সৃষ্টি হবে"।



অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক

অনুষ্ঠানের সভাপতি বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান উপস্থিত অথিবৃন্দের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। পরিবর্তিত বিশ্ব পরিস্থিতে যখন বৈশ্বিক উষ্ণায়ন মানবজাতির অস্তিত্বকে ক্রমবর্ধমান হুমকির মুখে ঠেলে দিচ্ছে তখন এই প্রযুক্তিকেই এটি মোকাবেলার হাতিয়ার হিসেবে গ্রহণ করতে হবে বলে তিনি উল্লেখ করেন। SDG-4, বিশেষকরে অভীষ্ট 4.7 যেটিতে মানসম্মত শিক্ষার কথা উল্লেখ করা হয়েছে সেটি তখনি সম্ভব হবে যখন ৪র্থ শিল্পবিল্পব এবং বিশ্ব নাগরিকত্ব এবং শিক্ষার সহজাত পরিবর্তনের প্রয়োজনীয়তা একীভূত করা সম্ভব হয়ে উঠবে।



বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান

অনুষ্ঠানে উপস্থিত Associated School Project Network (ASPnet) ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত শিক্ষকবৃন্দ এই কর্মশালার মাধ্যমে তাদের স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরও এ বিষয়ে অবহিত করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন এবং অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

এস এম ফয়সাল আরাফাত
প্রোগ্রাম অফিসার (আইসিটি ও এএসপিনেট)
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
শিক্ষা মন্ত্রণালয়

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

| ক্রমিক | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| 1. | A.H.M. Shamsul Muktadir | International Secretary NAUCB | Shamsul Muktadir 01722-957-853 |
| 2 | Habibul Haider Chowdhury | National Coordinator NAUCB | [signature] |
| 3. | Md. Sharif | Organizing Secretary NAUCB | [signature] |
| 4. | Mahbub Chy | Secretary-General UNESCO club | [signature] 01711520146 |
| 5. | Nanda Kumar Das | Lecturer, English BISC, Mohakhali | [signature] |
| 6. | ASM NAZRUL [signature] | Daily [illegible] | 01711 582702 |
| 7 | Kamrun Nahar | Asst Teacher Dhanmondi Govt Girls' school | [signature] |
| 8. | Anupam Biswas | Lecturer, English Dhaka Commerce College | [signature] |
| 9 | ferdos Hossain | Thebusiness 24 | [signature] |
| 10. | Prakash Kumar Ghosh | Asst. Teacher Kadhurkhil Girls' High School | [signature] |
| 11. | Susmita Rejwana Mehnaaz | Sr. Teacher BISC, Nirjhor | S R Mehnaaz |
| 12. | Muzar Kamal Hasan Imam | Senior Asst. Teacher (English) | [signature] |
| 13. | Md. Sajadul Al Mamun | Lecturer, Zoology Munshiganj Govt. Mohila College, Munshiganj | [signature] |
| | | | |
| | | | |

# বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন


ফোন : ৮৮০-২-৯৬৭৫০০২, ৯৬১২৯৯৭
ফ্যাক্স : ৮৮০-২-৮৬১০৪২০
Web : www.bncu.gov

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫


নং: ৩৭.১৮.০০০০.০১২.১৬.০১২.২০- ৬৫৮ তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রি.

## নোটিশ

বার্ষীক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম ১.৬ (৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ৪ টি অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন) এর অংশ হিসেবে "বিশ্বনাগরিকত্ব শিক্ষা বিকাশের মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ইউনেস্কো অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়সমূহের প্রসার" বিষয়ক ১ম কর্মশালা ৩১ আগস্ট ২০২১ খ্রি. তারিখ সকাল ১১:০০ থেকে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর সভাকক্ষে অনুষ্ঠিত হবে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মোঃ হাসানুল ইসলাম এনডিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব মোঃ সোহেল ইমাম খান। এ ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ইউনেস্কো ঢাকা অফিসের শিক্ষা বিষয়ক প্রধান মিজ. হুহয়া ফ্যান।

০২। উক্ত কর্মশালায় Associated School Project Network (ASPnet) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ, এবং বিএনসিইউ এর সকল কর্মকর্তাবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস.এম. ফয়সাল আরাফাত)
প্রোগ্রাম অফিসার (আইসিটি ও এএসপিনেট)
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
natcombd@yahoo.com

বিতরনঃ
১। অধ্যক্ষ/প্রতিনিধি (Associated School Project Network (ASPnet)।
২। সকল কর্মকর্তা, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।
৪। অফিস কপি।